

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৬৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে হাদীস পূর্বে উল্লেখিত হাদীসসমূহের এই ব্যাখ্যা প্রদান করে যে, উক্ত সময়গুলোতে সালাত আদায় করার ব্যাপার হুশিয়ারী দেওয়া হয়েছে এর কোন কিছু নয়; পুরো সময় উদ্দেশ্য নয়

ذِكْرُ الْخَبَرِ الْمُفَسِّرِ لِلْأَخْبَارِ الَّتِي تَقَدَّمَ ذِكْرُنَا لَهَا بِأَنَّ الزَّجْرَ عَنِ الصَّلَاةِ فِي هَذِهِ الْأَوْقَاتِ إِنَّمَا زُجر عَنْ بَعْضِهَا دُونَ بَعْضٍ

আরবী

1564 _ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا الْقَعْنَبِيُّ عَنْ مَالِكِ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (لَا يَتَحَرَّ أَحَدُكُمْ فَيُصَلِّي عِنْدَ طُلُوعِ الشَّمْسِ ولا عند غروبها)

الراوي: ابْن عُمَرَ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1564 | خلاصة حكم المحدث : صحيح ـ وهو مختصر (1543).

বাংলা

১৫৬৪. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তোমাদের কেউ যেন সূর্য উদয় ও সূর্য অস্ত যাওয়ার সময় সালাত আদায়ে সচেষ্ট না হয়।"[1]

ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ৭৭৩; মুয়াত্তা ইমাম মালিক: ১/২২০; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৫২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩৯৫১; সহীহ আল বুখারী: ৫৮৫; সহীহ মুসলিম: ৮২৮; নাসাঈ: ১/২৭৭; সুনান বাইহাকী: ২/৪৫৩; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৫২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৩৪৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৫৪৬)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন